

💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

তৃতীয় রাকাআতের উদ্দেশ্যে দণ্ডায়মান-অতঃপর চতুর্থ রাক'আতের উদ্দেশ্যে

অতঃপর (নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের প্রতি ছালাত পাঠান্তে) তাকবীর বলে তৃতীয় রাকাআতের উদ্দেশ্যে দাঁড়াতেন [1] আর ছলাতে ত্রুটিকারীকে এর নির্দেশ দিয়ে বলেছিলেনঃ

ثم اصنع ذلك في كل ركعة وسجدة

অতঃপর প্রত্যেক রাকাআতে ও সাজদায় এরূপ করবে। যেমনটি ইতিপূর্বে অতিবাহিত হয়েছে। আরো এসেছে-

كان صلى الله عليه وسلم إذا قام من القعدة كبر ثم قام

তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন বৈঠক থেকে উঠতেন তাকবীর বলতেন। অতঃপর দাঁড়াতেন।[2] আর এই তাকবীরের সাথে তিনি কখনো কখনো দুই হাত উত্তোলন করতেন।[3] আর যখন চতুর্থ রাকাআতের জন্য উঠার ইচ্ছা পোষণ করতেন তখন আল্লাহু আকবার বলতেন।[4] আর এর নির্দেশ দিয়েছিলেন ছলাতে ক্রটিকারী ব্যক্তিকে যেমনটি ইতিপূর্বে অতিবাহিত হয়েছে।

আর এই তাকবীরের সাথেও "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো তাঁর দুই হাত উত্তোলন করতেন।"[5]

অতঃপর তিনি তার বাম পা-র উপর ধীর শান্তভাবে এ পরিমাণ বসতেন যাতে প্রত্যেক হাডিড তার নিজ জায়গায় প্রত্যাবর্তন করতে পারে। অতঃপর যমীনে ভর দিয়ে দাঁড়াতেন।[6] "যখন তিনি দাঁড়াতেন আটা খমিরের ন্যায় (মুষ্ঠিবদ্ধাবস্থায়) দু'হাতের উপর ভর দিতেন।"[7]

তিনি এ দু' রাকাআতের (তৃতীয় ও চতুর্থ) প্রত্যেক রাকাআতে সূরা ফাতিহা পাঠ করতেন এবং এরই নির্দেশ দিয়েছিলেন সালাতে ত্রুটিকারীকে। কখনো কখনো এ দুরাকাআতে সূরাহ ফাতিহার সাথে যোহর ও আছরের ছলতে কিছু আয়াত পাঠ করতেন। যেমনটি ইতিপূর্বে যোহর ছলতের কিরাআত সংক্রান্ত আলোচনায় অতিবাহিত হয়েছে।

ফুটনোট

- [1] বুখারী ও মুসলিম।
- [2] আবু ইয়ালা তাঁর মুসনাদ গ্রন্থে (২/২৮৪) উত্তম সনদে বর্ণনা করেছেন। আর সিলসিলা ছহীহাহতেও তা সংকলিত হয়েছে। (৬০৪)



- [3] বুখারী ও আবু দাউদ।
- [4] বুখারী ও আবু দাউদ।
- [5] আবু আওয়ানাহ ও নাসাঈ ছহীহ সনদে।
- [6] বুখারী ও আবু দাউদ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8182

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন